গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং-২৭৬-আইন/২০২৫/৩১৯-মূসক।**—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৮১-আইন/২০২৫/৩০৯-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

(ক) ক্রমিক নং (১৪) এ উল্লিখিত H.S. Code "3002.90.00" এর পরিবর্তে H.S. Code "3002.90.10, 3002.90.20, 3002.90.90" প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক নং (২৭) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (২৭) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২৭) প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত পোল্ট্রি বা গবাদি পশু প্রতিষ্ঠান বা Animal Health Company বা পোল্ট্রি, লাইভস্টক ও ডেইরি ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান বা মৎস্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত ফিশারি এবং মৎস্য ফিড প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২০৩-আইন/২০২৫/২৫/কাস্টমস এর TABLE এর কলাম (3) এ উল্লিখিত সকল পণ্য, সয়াবিন মিল (H.S. Code 2304.00.00), কর্ন গ্লুটিন মিল (H.S. Code 2303.10.00), রেপসীড এক্সট্রাকশন (H.S. Code 2306.49.00) সহ মৎস্য ও পশু খাদ্য উৎপাদনে ব্যবহৃত অন্যান্য আমদানিকৃত খাদ্য উপকরণ বা কাঁচামাল এবং একদিন বয়সী মুরগির বাচ্চা;";

(গ) ক্রমিক নং (২৮) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (২৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২৮) কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত কীটনাশক প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক কৃষিকার্যে ব্যবহার্য ইনসেকটিসাইড, ফাংগিসাইডস, হারবিসাইডস, এন্টি স্প্রাউটিং প্রোডাক্টস, প্লান্ট গ্রোথ রেগুলেটর, ডিসইনফেকট্যান্টস প্রস্তুতকরণের লক্ষ্যে ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৯৯-আইন/২০২৫/২১/কাস্টমস এর TABLE-1 এ উল্লিখিত পণ্যসমূহ;";

Downloaded from www.taxvatpoint.com

(ঘ) ক্রমিক নং (৩৫) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৩৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩৫) নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক PVC ও Pet Resin উৎপাদনের ক্ষেত্রে ব্যবহৃত Ethylene Glycol (H.S. Code 2905.31.00), Terephthalic Acid (H.S. Code 2917.36.00) ও Ethylene/Propylene (H.S. Code 2711.14.10);";

(ঙ) ক্রমিক নং (৩৭) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৩৭) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩৭) নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক Textile Grade Pet Chips উৎপাদনের লক্ষ্যে উপকরণ হিসেবে আমদানিকৃত Terephthalic Acid (H.S. Code 2917.36.00) ও Ethylene Glycol (H.S. Code 2905.31.00);";

(চ) ক্রমিক নং (৩৮) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৩৮) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩৮) ২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২০২-আইন/২০২৫/২৪/কাস্টমস এর আওতায় নিবন্ধিত হাঁস-মুরগির খামার কর্তৃক যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি;";

(ছ) ক্রমিক নং (৪৫) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৪৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৪৫) Ethylene glycol (ethanediol) imported by Industrial IRC holder VAT compliant PET chips manufacturing industry (H.S. Code 2905.31.00), Terephthalic acid imported by Industrial IRC holder VAT compliant PET chips manufacturing industry (H.S. Code 2917.36.00), Chiller, capacity 25 tons or above (H.S. Code 8418.69.97);";

(জ) ক্রমিক নং (৪৬) এ উল্লিখিত H.S. Code "(8544.11.90)" এর পরিবর্তে H.S. Code "(8544.11.00)" প্রতিস্থাপিত হইবে;

(ঝ) ক্রমিক নং (৫০) এর শেষাংশে উল্লিখিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন ক্রমিক নং (৫০) সংযোজিত হইবে, যথা:—

"(৫১) এইচএস কোড 9018.90.30 ও 9021.39.00 এর আওতাধীন আমদানিকৃত হার্টের রিং/ স্টেন্ট ও চোখের ইন্ট্রাওকুলার লেন্স (আইওএল)।"।

২। এই প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর দফা (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ), (ছ) ও (জ) ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং দফা (ঝ) ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com